অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির ম্যানহাটন টেলিকমিউনিকেশন্স কর্পোরেশনের 3 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ ঘোষণা করলেন

2.2 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল সদর দপ্তরের সম্প্রসারণ এবং 100 নতুন কর্মসংস্থানকে সমর্থন করে

প্রযুক্তি ও উদ্ভাবনের কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক সিটিকে বলীয়ান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বিশ্বব্যাপী ব্যবসাসমূহকে বৈশ্বিক যোগাযোগ সমাধান প্রদানকারী, ম্যানহাটন টেলিকমিউনিকেশন্স কর্পোরেশন (Manhattan Telecommunications Corporation, MetTel) এর নিউ ইয়র্ক সিটির 55 ওয়াটার স্ট্রিটের সদর দপ্তর বিস্তৃতভাবে সংস্কার করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। প্রবৃদ্ধি পরিকল্পনার অংশ হিসেবে, সফটওয়্যার বিকাশ ও পেশাদার সেবায় কমপক্ষে 100টি পূর্ণকালীন চাকরি তৈরি এবং 180টি পূর্ণকালীন চাকরি ধরে রাখার ব্যাপারে MetTel প্রতিশ্রুতি প্রদান করেছে, যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) 2.2 মিলিয়ন মার্কিন ডলার পারফর্ম্যান্স ভিত্তিক এক্সেলসিয়র কর্মসংস্থান কর্মসূচি (Excelsior Jobs Program) কর ক্রেডিট দ্বারা সমর্থিত হবে। MetTel এর 55 ওয়াটার স্ট্রিট সদর দপ্তরে একটি ফিতা কাটার অনুষ্ঠানের মাধ্যমে এই মাইলফলকটি উদযাপন করার জন্য ESD নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনের (New York City Economic Development Corporation, NYCEDC) সাথে যোগদান করে।

"নিউ ইয়র্ক সিটি উদ্ভাবনের এমন একটি মশাল হয়ে আছে যেখানে সৃজনশীলতা প্রস্ফুটিত হয় এবং উদ্যোক্তার চেতনা সমৃদ্ধিলাভ করে," **গভর্নর হোকল বলেন।** "MetTel এর সম্প্রসারণ একটি গতিশীল প্রযুক্তি কেন্দ্র হিসেবে অঞ্চলটির অবস্থানের একটি প্রমাণস্বরূপ, এটি উদ্ভাবন, প্রবৃদ্ধি, ও কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে আমাদের অবস্থানকে আরেকবার নিশ্চিত করে।"

1996 সালে নিউ ইয়র্ক সিটিতে স্থাপিত ম্যানহাটন টেলিকমিউনিকেশন কর্পোরেশন (MetTel) ব্যবসা ও সরকারি সংগঠনকে এন্টারপ্রাইজ উৎপাদনশীলতা বৃদ্ধি করতে, ব্যয় হ্রাস করতে এবং অটোমেশনের মাধ্যমে কর্মকাণ্ডকে সরল করতে সাহায্য করেছে।এই সংস্কার কাজগুলি সদর দপ্তরকে একটি অত্যাধুনিক কর্মক্ষেত্রে রূপান্তরিত করবে যা সহযোগিতা, সৃজনশীলতা, ও উদ্ভাবনের ধারক হবে। কোম্পানিটি নিউ জার্সি, ইউটাহ, এবং রোড আইল্যান্ডে উল্লেখযোগ্য

কর্মকাণ্ড পরিচালনা করে, এই অবস্থানগুলি এবং সেই সাথে ফ্লোরিডায় একটি প্রস্তাবিত নতুন অবস্থান এই সম্প্রসারণ প্রকল্পের জন্য বিবেচনা করা হয়েছিলো।

মেয়র এরিক অ্যাডামস বলেন, "MetTel একটি সত্যিকারের নিউ ইয়র্ক কোম্পানি, এটি এখানে জন্ম নিয়েছে ও বেড়ে উঠেছে এবং আমি অতি আনন্দিত যে তারা এখানেই থাকছে। এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আগামী দিনের কর্মসংস্থান সৃষ্টি করছে, এমন প্রযুক্তির উন্মোচন করছে যা কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে সাহায্য করবে, এবং বাড়তি 100 কর্মচারী নিয়োগের মাধ্যমে সম্পূর্ণ শহরের পুনরুদ্ধারকে সমর্থন করছে। আমাদের প্রশাসন বাণিজ্যিক করিডোরের পুনরুজ্জীবন করছে, পরিত্যক্ত স্টোরফ্রন্ট ভরছে, এবং মুখ্য প্রবৃদ্ধির শিল্পখাতে বিনিয়োগ করছে, এবং আমরা মহামারীতে হারানো চাকরির 99 শতাংশ পুনরায় ফেরত পেয়েছি কারণ নিউ ইয়র্ক সিটি হলো আপনার অর্থনৈতিক ভবিষ্যৎ গঠনের স্থান।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "MetTel এর সম্প্রসারণকে সমর্থন করতে পেরে ESD গর্বিত, MetTel হলো নিউ ইয়র্ক সিটির প্রাণবন্ত প্রযুক্তি খাতের কেন্দ্রে গড়ে উঠা কোম্পানিগুলির একটি উজ্জ্বল উদাহরণ। আমাদের শহরের গতিশীল পরিবেশন এবং শীর্ষ মানের প্রতিভা পাওয়ার সুযোগ MetTel এর প্রবৃদ্ধি ও উদ্ভাবনকে চালিত করেছে। সম্প্রসারণটি প্রযুক্তি খাতে সাফল্যের অনুঘটক হিসেবে নিউ ইয়র্ক সিটির ক্ষমতা প্রদর্শন করে এবং আমরা অতি আনন্দিত যে MetTel এম্পায়ার স্টেটেই তাদের লিগেসি বিকাশ করা অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক সিটির আবাসন, অর্থনৈতিক বিকাশ, এবং কর্মীবাহিনীর ডেপুটি মেয়র মারিয়া টোরেস-স্প্রিঙ্গার বলেন, "এটি নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি বিজয়, এবং সরকার কর্তৃক বেসরকারি খাতের সমৃদ্ধির অবস্থা তৈরির একটি দুর্দান্ত উদাহরণ। শহরের অর্থনীতিতে MetTel এর 100 কর্মসংস্থান যোগ করা এবং কোম্পানির অব্যাহত প্রবৃদ্ধি এবং নিউ ইয়র্কে আরো ব্যাপক টেলিযোগাযোগ শিল্প দেখতে আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু কিম্বল বলেন, "নিউ ইয়র্ক সিটিতে থাকার জন্য এবং পাশাপাশি বাড়তি 100 পূর্ণকালীন চাকরি তৈরির জন্য MetTel এর প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে আমাদের অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা আনন্দিত। একটি সত্যিকারের NYC প্রতিষ্ঠিত সংগঠন হিসেবে, দীর্ঘমেয়াদে নিউ ইয়র্ক সিটিতে বিনিয়োগ করার MetTel এর সিদ্ধান্ত হলো অ্যাডামস প্রশাসনে ব্যবসায়িক সম্প্রদায় যেই আত্মবিশ্বাস ও শক্তি পায় তার একটি উদাহরণ। নিউ ইয়র্ক সিটি এইসব উচ্চ বেতনের, উচ্চ প্রবৃদ্ধির খাতকে ধারণ করে চলেছে এবং পাঁচটি বরোর প্রতিটিতে একটি প্রাণবন্ত, অন্তর্ভুক্তিকর, এবং বৈশ্বিকভাবে প্রতিযোগিতামূলক অর্থনীতি গঠনে NYCEDC গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধই আছে।"

MetTel এর প্রধান নির্বাহী কর্মকর্তা মার্শাল অ্যারোনাও বলেন, "আমাদের সাফল্যের অপরিহার্য অংশ হিসেবে কাজ করা শহরে এর প্রতিশ্রুতি নবায়ন করতে পেরে MetTel আনন্দিত। নিউ ইয়র্ক সিটি সর্বদা উদ্ভাবন ও স্থিতিস্থাপকতার একটি চালিকাশক্তি হয়ে আছে, এবং এর সমৃদ্ধশালী ব্যবসা সম্প্রদায়ের অংশ হতে পেরে আমরা গর্বিত। ম্যানহাটনের কেন্দ্রে

আমাদের অব্যাহত উপস্থিতি নিয়ে আমরা আরো দৃঢ় অংশীদারিত্ব বহাল রাখা এবং আমাদের গ্রাহকদের আরো বেশি মূল্য প্রদান করার জন্য উন্মুখ।"

পাশাপাশি, এই সম্প্রসারণ যাতে NYC তে হয় তা নিশ্চিত করতে পুরো দুই চলমান কথোপকথনে NYCEDC ব্যবসায়িক বিকাশ দল MetTel এবং ESD এর সাথে কাজ করেছে। বর্তমানে, MetTel কর্মীবাহিনীর বিকাশ সম্পর্কিত কর্মকাণ্ডে এবং লোয়ার ম্যানহাটন ব্যবসা সম্প্রদায়ের মধ্যে তাদের ভূমিকা জোরদার করতে NYCEDC এর সাথে কাজ করছে।

নিউ ইয়র্ক স্টেটের কৌশলী বিনিয়োগ উদ্ভাবন ও প্রবৃদ্ধির একটি ইকোসিস্টেমের আবাদ করেছে, স্টেটের প্রতিটি কোণার প্রযুক্তি শিল্পখাতকে যা লালনপালন করেছে। একটি বিশ্বমানের প্রযুক্তি কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক সিটির প্রবৃদ্ধি চালনা করার জন্য অভীষ্ট এই বিনিয়োগগুলি অপরিহার্য, তারা কর্মসংস্থান সৃষ্টির অনুঘটক হিসেবে এবং স্থানীয় ও বৈশ্বিক উভয় মাত্রায় অর্থনৈতিক অগ্রগতির সূচনা করে এমন যুগান্তকারী উদ্ভাবনের একটি হটবেড হিসেবে কাজ করছে। এর বৈশ্বিক খ্যাতি, মূলধন পাওয়ার সুযোগ, এবং গতিশীল ইকোসিস্টেম দিয়ে নিউ ইয়র্ক সিটি স্টার্টআপ এবং প্রতিষ্ঠিত প্রযুক্তি কোম্পানির জন্য চুম্বক হয়ে উঠছে, যার ফলে একটি বলিষ্ঠ ও স্থিতিস্থাপক প্রযুক্তি খাত গড়ে উঠেছে। প্রাণবন্ত এই ইকোসিস্টেমকে সমর্থন করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক সমৃদ্ধি চালনা করছে এবং ডিজিটাল যুগের নেতা হিসেবে নিজের অবস্থান পাকাপোক্ত করছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418